

## সাফল্য প্রতিবেদন (২০০৯-২০২০):

প্রতিরক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ সরকারের একটি অন্যতম গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়। বর্তমান সরকারের “উন্নয়ন ও সাফল্যের একযুগ” এ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উন্নয়ন ও সাফল্যের চিত্র (২০০৯-২০২০) নিম্নরূপ:

- (১) সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী স্বাধীনতার মহান স্থপতি জাতীয় পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর পুরিত্ব স্মৃতি বিজড়িত গণভবন কমপ্লেক্সে সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয় অবস্থিত। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ভবনে অবস্থিত জাতীয় পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ব্যবহৃত দপ্তর কক্ষটি ‘বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর’ হিসেবে সংরক্ষণ করা হয়েছে। উক্ত জাদুঘরটি সুষ্ঠুভাবে সংরক্ষণের লক্ষ্যে ০৬(ছয়) ক্যাটাগরির ০৮(আট)টি পদ সূজন করা হয়েছে। সৃষ্টি পদসমূহে কর্মচারী নিয়োগের লক্ষ্যে “বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্মচারী নিয়োগ বিধিমালা-২০২০” গত ১৬ নভেম্বর ২০২০ তারিখে জারি করা হয়েছে।
- (২) মন্ত্রণালয়ের কার্যক্রমের পরিধি বৃদ্ধি পাওয়ায় সাংগঠনিক কাঠামোতে জনবল ২৩০ (দুইশত ত্রিশ)-এ উন্নীত করা হয়েছে অর্থাৎ ২০০৯ হতে ২০২০ পর্যন্ত সর্বমোট ৮৯ (উন্নয়নকারী)টি পদ সূজন করা হয়েছে।
- (৩) কর্মচারীবাদ্ধের পরিবেশ নিশ্চিতকরণে মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের অফিস যাতায়াতের জন্য ২০১২ সাল হতে অদ্যাবধি ০২টি স্টাফবাস, ০৪টি মাইক্রোবাস, ১টি জীপগাড়ি ক্রয় করা হয়েছে। এছাড়া, মন্ত্রণালয়ের চিঠিপত্র বিলি বণ্টনের কাজে ব্যবহারের জন্য ০২টি মোটর সাইকেল ক্রয় করা হয়েছে।
- (৪) প্রাধিকারপ্রাপ্ত সশস্ত্রবাহিনীর কর্মকর্তাদের ‘Car Loan Management System’ সফটওয়ারের মাধ্যমে সুদমুক্ত বিশেষ অগ্রিম প্রদান অব্যাহত রয়েছে।
- (৫) করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও প্রতিকারের জন্য কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে। যে সকল কর্মকর্তা/কর্মচারী করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছেন তাঁদের সশ্রদ্ধিলিত সামরিক হাসপাতাল (সিএমএইচ), ঢাকায় চিকিৎসা প্রদান করা হচ্ছে। মন্ত্রণালয়ে প্রবেশের মেইন গেইটে জীবানুনাশক টানেল স্থাপন করা হয়েছে এবং কর্মকর্তা-কর্মচারীদের অফিসে প্রবেশের পূর্বে থার্মাল স্ক্যানার দিয়ে তাপমাত্রা পরিমাপ করা হচ্ছে। সে সাথে মন্ত্রণালয়ের যানবাহনসমূহে নিয়মিত জীবানুনাশক স্প্রে ব্যবহার করা হচ্ছে।
- (৬) জাতীয় পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে গত ২০ জুলাই ২০২০ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে বৃক্ষরোপণ কর্মসূচি এবং গত ১৫ আগস্ট ২০২০ তারিখে রক্তদান কর্মসূচি পালিত হয়েছে।
- (৭) কর্মচারীদের সুস্থান্ত্রের কথা বিবেচনায় মন্ত্রণালয়ে ০১(এক)টি হেলথ সেন্টার স্থাপন করা হয়েছে এবং ০১(এক)জন সহকারী সার্জনকে পদায়নের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান অব্যাহত রয়েছে।
- (৮) মন্ত্রণালয়ের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত এমওডিসি সদস্যদের জন্য আবাসিক সমস্যা নিরসনের লক্ষ্যে এমওডিসি ব্যারাক নির্মাণ করা হয়েছে।
- (৯) মন্ত্রণালয়ের কর্মপরিবেশ সুন্দর রাখা এবং কর্মসম্পাদন সহজলভ্য করার লক্ষ্যে বিভিন্ন বিষয়ের ফোকাল পয়েন্ট নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো- Climate Change ফোকাল পয়েন্ট, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম ফোকাল পয়েন্ট, বু ইকনোমি ফোকাল পয়েন্ট, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ফোকাল পয়েন্ট ইত্যাদি।
- (১০) অবাধ ও সুষ্ঠু তথ্য প্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে তথ্য প্রদানকারী কর্মকর্তা ও বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ দেওয়া হয়েছে। এছাড়া, জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা ২০১৭ অনুসারে ডেজিগনেটেড অফিসার নিয়োগ করা হয়েছে।
- (১১) মন্ত্রণালয়ে একটি সমৃদ্ধ অফিস লাইব্রেরি আছে যার প্রায় ৬০০০ (ছয় হাজার) পুস্তক ডাটা অটোমেশনের আওতায় আনা হয়েছে। মুজিববর্ষ উপলক্ষ্যে মন্ত্রণালয়ের লাইব্রেরিতে “মুজিব কর্নার” স্থাপন করা হয়েছে।
- (১২) ই-নথি কার্যক্রমের মাধ্যমে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কার্যাবলি ডিজিটাল পদ্ধতিতে সুষ্ঠুভাবে এবং দ্রুততার সহিত সম্পাদন করা হচ্ছে। এছাড়া, মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ অনলাইন যোগাযোগ বৃদ্ধির লক্ষ্যে LAN সংযোগ স্থাপন করা হয়েছে। ই-নথি কার্যক্রমসহ অন্যান্য অনলাইন কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদনের লক্ষ্যে মন্ত্রণালয়ের ইন্টারনেট ব্যাডউইথ ১০০ এমবিপিএস এ উন্নীত করা হয়েছে।
- (১৩) মন্ত্রণালয়ের কার্যক্রম দৃশ্যমান করার লক্ষ্যে একটি দৃষ্টিনির্দন ওয়েবসাইট প্রস্তুত করা হয়েছে যা নিয়মিতভাবে হালনাগাদ করা হয়।
- (১৪) মন্ত্রণালয়ের কার্যক্রম দৃশ্যমান করার লক্ষ্যে একটি দৃষ্টিনির্দন ওয়েবসাইট প্রস্তুত করা হয়েছে যা নিয়মিতভাবে হালনাগাদ করা হয়।
- (১৫) ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এবং স্বচ্ছতা ও জৰাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে মন্ত্রণালয়ের নিয়োগ কার্যক্রম অনলাইনে এবং ক্রয় কার্যক্রম ই-জিপির মাধ্যমে গৃহীত হচ্ছে।
- (১৬) কার্যসম্পাদনে কর্মচারীদের দক্ষতা উন্নয়নে বিভিন্ন ধরণের বৈদেশিক ও অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে জাতীয় শুল্কাচার কৌশল বাস্তবায়নে পুরক্ষার ও প্রগোদ্ধনা প্রদান করা হচ্ছে।
- (১৭) মন্ত্রণালয়ের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে সিসিটিভি সিস্টেমস চালুকরণ, মন্ত্রণালয়ের মূল গেইটে আর্চওয়ে স্থাপন এবং ডিজিটাল হাজিরা ব্যবস্থা চালু করার কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

মেংজনাল আবেদিন  
মন্ত্রণালয় বাংলাদেশ সচিব  
প্রতিরক্ষা মন্ত্রণালয়ের  
প্রশাসনিক বাংলাদেশ সরকার